৮/১০/২০০১

যুগান্তর

তারিখ ...

পৃষ্ঠা ২ কলাম ৩

# আজ আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডির নির্বাচন

যুগান্তর রিপোর্ট

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডি নির্বাচন (২০০১) আজ সোমবার অনুষ্ঠিত হচ্ছে। অভিভাবক প্রতিনিধি সদস্য পদপ্রার্থী স্কুল শাখায় ১৬ জন, অভিভাবক প্রতিনিধি সদস্য পদপ্রার্থী কলেজ শাখায় ৬ জন ও ডোনার প্রতিনিধি সদস্য পদপ্রার্থী ৪ জনসহ এ নির্বাচনে ২৬ জন প্রতিদ্বন্দ্বিতা করছেন। আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের প্রিন্সিপাল মোঃ এ কে নেওয়াজ যুগান্তরকে জানান, তিন ক্যাটাগরিতে মোট ভোটারের সংখ্যা ৮ হাজার ৯৭১ জন। এর মধ্যে স্কুল শাখায় ৫ হাজার ৯৪৮ জন, কলেজ শাখায় ১ হাজার ১৫২ জন এবং দাতা সদস্য ভোটারের সংখ্যা ১ হাজার ৮৭১ জন। নির্বাচনে অভিভাবক প্রতিনিধি সদস্য পদপ্রার্থীরা হলেন আবদুল আলী (ব্যালট নং-১), মোঃ মোকাররম হোসেন (ব্যালট নং-২), মুহঃ আহসান উদ দৌলা মারুফ (ব্যালট নং-৩), মোঃ সিরাজুল ইসলাম (ব্যালট নং-৪), মোঃ সওকত হোসেন (ব্যালট নং-৫), জাকির হোসেন খান (ব্যালট নং-৬), ফিরোজ আহমেদ (ব্যালট নং-৭), মেসবাহ উদ্দীন আহমেদ রেজা (ব্যালট নং-৮), ডা. মোরশেদুল আজম (ব্যালট নং-৯), এবিএম ফজলুল করিম (ব্যালট নং-১০), মোঃ নূরুর রহমান (ব্যালট নং-১১), ওয়ালিউল হক খান (ব্যালট নং-১২), ডা. কেএল শহীদুল হক (ব্যালট নং-১৩), মোঃ নাজিমউদ্দীন নাজিম (ব্যালট নং-১৪), এসএম ফিরোজ আলম (ব্যালট নং-১৫) ও খন্দকার আবুল বাশার (ব্যালট নং-১৬)। অভিভাবক প্রতিনিধি সদস্য পদপ্রার্থীরা হলেন আবদুস সামাদ (ব্যালট নং-১), মোঃ নূরুল ইসলাম (ব্যালট নং-২), লুৎফর রহমান (ব্যালট নং-৩), নূর আহমেদ (ব্যালট নং-৪), মোঃ মুজিবুর রহমান (ব্যালট নং-৫) ও আবুল কালাম আজাদ (ব্যালট নং-৬)। ডোনার প্রতিনিধি সদস্য পদপ্রার্থীরা হলেন মোঃ আহসান উল্লাহ চৌধুরী (ব্যালট নং-১), খন্দকার মুশতাক আহমেদ (ব্যালট নং-২), দেলোয়ার হোসেন খান (ব্যালট নং-৩) ও কাজী রাজিবউদ্দীন আহমেদ (ব্যালট নং-৪)। আজ সকাল ৭টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত ভোটগ্রহণ বিরতিহীনভাবে চলবে। নির্বাচন উপলক্ষে আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ নতুন সাজে সেজেছে। বিভিন্ন প্রার্থীর পোস্টার ও ব্যানারে স্কুলের দেয়াল ও সামনের রাস্তা সয়লাব। গতকাল রাতে স্কুলের সামনে গিয়ে দেখা গেছে বিভিন্ন প্রার্থীর নির্বাচনী প্রচারণাকারীরা রাস্তার ওপর চেয়ার-টেবিল বিছিয়ে বসে আছে।